

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
(www.lgd.gov.bd.)

স্মারক নং-৪৬.০৪৬.০২৭.০০.০০.৪৮৯.২০১৫-২৬০

তারিখ : ২২ ফেব্রুয়ারি ২০১৭

বিষয়: নারায়ণগঞ্জ জেলার বন্দর উপজেলা পরিষদের অফিস সহায়ক জনাব মোঃ বদরুজ্জামান এবং জনাব মোঃ শাহীনকে বরখাস্তের প্রেক্ষিতে দায়েরকৃত আপীল মঞ্জুর।

সূত্র-১: জনাব মোঃ বদরুজ্জামান, বরখাস্তকৃত অফিস সহায়ক, বন্দর উপজেলা পরিষদ, নারায়ণগঞ্জ এর আপীল আবেদন।

সূত্র-২: জনাব মোঃ শাহীন, বরখাস্তকৃত অফিস সহায়ক, বন্দর উপজেলা পরিষদ, নারায়ণগঞ্জ এর আপীল আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রদ্বয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ০৫-০৭ জানুয়ারি ২০১৬ তারিখে উপজেলা নির্বাহী অফিসারের সরকারি বাস ভবনের রক্ষণাবেক্ষণের দায়িত্ব পালন না করে উর্দ্ধতন কর্তৃপক্ষের আদেশ অমান্য করার অভিযোগে সরকারি কর্মচারী শৃংখলা আপীল বিধিমালা ১৯৮৫ অনুযায়ী জনাব মোঃ বদরুজ্জামান এবং জনাব মোঃ শাহীনকে উপজেলা নির্বাহী অফিসার, বন্দর কর্তৃক কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। নির্ধারিত ০৩(তিন) কর্মদিবসের মধ্যে অভিযুক্ত অফিস সহায়কদ্বয় কারণ দর্শানোর জবাব প্রদান করেন। জবাব সন্তোষজনক না হওয়ায় পুনরায় ০৩ ফেব্রুয়ারি ২০১৬ তারিখ তাদেরকে উপজেলা নির্বাহী অফিসার, বন্দর উপজেলা দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করেন। নির্ধারিত ০৩(তিন) কর্মদিবসের মধ্যে তারা পুনরায় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন। অতঃপর ০৭ ফেব্রুয়ারি ২০১৬ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভায় উক্ত উপজেলা পরিষদের অফিস সহায়ক জনাব মোঃ বদরুজ্জামান ও জনাব মোঃ শাহীন এর শিক্ষানবীশকালের অবসান ঘটিয়ে তাদের চাকুরী অবসানের সিদ্ধান্ত গৃহীত হয়। সেপরিপ্রেক্ষিতে গত ২৩ ফেব্রুয়ারি ২০১৬ তারিখে উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধিমালা, ২০১০ এর বিধি ৬(২) ও ৬(৩)(খ) এর বিধান অনুযায়ী তাদের শিক্ষানবীশকালের অবসান ঘটিয়ে চাকুরী অবসান ঘটানো হয়।

২। নারায়ণগঞ্জ জেলার বন্দর উপজেলা পরিষদের অফিস সহায়ক জনাব মোঃ বদরুজ্জামান ও জনাব মোঃ শাহীন এর চাকুরী অবসান ঘটানোর ক্ষেত্রে উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধিমালা, ২০১০ এর বিধি ৩৩, ৩৪, ৩৭ ও ৩৮ এর কোন ধাপ/পদ্ধতি অনুসরণ করা হয়নি। নারায়ণগঞ্জ জেলার বন্দর উপজেলা পরিষদের অফিস সহায়ক জনাব মোঃ বদরুজ্জামান এবং জনাব মোঃ শাহীন গত ১২ ফেব্রুয়ারি ২০১৫ তারিখে যোগদান করেন। উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধিমালা, ২০১০ এর বিধি ৬(৩)(ক)(৪) অনুযায়ী উক্ত উপজেলা পরিষদ চেয়ারম্যান ১২ অক্টোবর ২০১৫ তারিখের ০৭নং স্মারকে তাদের চাকুরী স্থায়ী করেন। চাকুরীতে স্থায়ী করা সত্ত্বেও পরবর্তীতে তাদেরকে একই বিধিমালার বিধি ৬(২) ও ৬(৩)(খ) অনুযায়ী শিক্ষানবীশ কালের অবসান ঘটিয়ে তাদের চাকুরির অবসান ঘটানো হয়েছে; যা উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধিমালা, ২০১০ এর বিধি ৬(২) ও ৬(৩)(খ) অনুযায়ী বিধিসম্মত হয়নি।

১

৩। এমতাবস্থায়, নারায়ণগঞ্জ জেলার বন্দর উপজেলা পরিষদের কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধিমালা, ২০১০ এর ৩৩, ৩৪, ৩৭ ও ৩৮ এর কোন ধাপ/পদ্ধতি অনুসরণ না করায় অফিস সহায়ক জনাব মোঃ বদরুজ্জামান এবং জনাব মোঃ শাহীন এর উপর আরোপিত দণ্ড অর্থাৎ উক্ত বিধির ৬(৩)(ক)(৪) অনুযায়ী চাকুরী স্থায়ী করার পর উক্ত বিধির বিধি ৬(২) ও ৬(৩)(খ) অনুযায়ী অবসান ঘটানোর আদেশ ন্যায় সঙ্গত না হওয়ায় উক্ত কর্মচারীদ্বয়ের চাকুরী অবসান ঘটানোর আদেশ নির্দেশক্রমে বাতিল করা হলো। একইসাথে নারায়ণগঞ্জ জেলার বন্দর উপজেলা পরিষদের অফিস সহায়ক জনাব মোঃ বদরুজ্জামান এবং জনাব মোঃ শাহীনকে চাকুরীতে পুনর্বহাল করা হলো। উল্লেখ্য, তাদের চাকুরী স্থায়ীকরণের ধারাবাহিকতায় তারা সকল আর্থিক সুবিধা প্রাপ্য হবেন।

J.M. in
22/02/2019
(ড. জুলিয়া মঈন)
উপসচিব
ফোন: ৯৫৬২২৪৭

বিতরণ (কার্যার্থে):

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বন্দর উপজেলা পরিষদ, নারায়ণগঞ্জ।
- ২। জনাব মোঃ বদরুজ্জামান, বরখাস্তকৃত অফিস সহায়ক, বন্দর উপজেলা পরিষদ, নারায়ণগঞ্জ।
- ৩। জনাব মোঃ শাহীন, বরখাস্তকৃত অফিস সহায়ক, বন্দর উপজেলা পরিষদ, নারায়ণগঞ্জ।

অনুলিপি :

- ১। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ।
- ২। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, বন্দর, নারায়ণগঞ্জ।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।